



Phones : 9556151-55;
: 9555042; 9552039; 9552027
Fax No.: 880-2-9551072
E-mail : www.biwta.gov.bd

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

বি,আই,ডব্লিউ,টি,এ ভবন
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
পোস্ট বক্স ৭৬, ঢাকা-১০০০. বাংলাদেশ

BIWTA BHABAN
141-143, MOTIJHEEL C/A,
POST BOX 76, DHAKA-1000. BANGLADESH


স্মারক নং-১৮.১১.০০০০.১২৩.৪৪.০০১.১৮/ ১৮৯৮

তারিখ : ১৮-১১-২০১৯ইং

ঘনকুয়াশায় নৌযান চলাচল সম্পর্কিত বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী সকল নৌযানের মাস্টার/ ড্রাইভার/ সুকানী/ গ্রীজারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শীত মৌসুম শুরু হয়েছে। এ সময় দেশের অভ্যন্তরীণ নৌপথে বিভিন্ন স্থান ঘনকুয়াশাচ্ছন্ন থাকে। ঘনকুয়াশার সৃষ্টি হলে অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী নৌযান চলাচলে মারাত্মক বিঘ্নের সৃষ্টি হতে পারে এবং দুর্ঘটনা ঘটানোর আশংকা থাকে। যাত্রী সাধারণের নিরাপত্তার স্বার্থে অভ্যন্তরীণ জাহাজ (নৌ-চলাচল) বিধিমালা-২০০১ অনুসরণে কুয়াশায় প্রযোজ্য শব্দ সংকেত এবং অন্যান্য প্রযোজ্য বিধিমালা অনুসরণের জন্য নির্দেশ দেয়া হলো।

উল্লেখ্য যে, ঘনকুয়াশার সৃষ্টি হলে যাত্রীবাহী নৌযান/ লঞ্চের নিরাপত্তা বিধানকল্পে বালুবাহী/ মালবাহী কার্গো/ নৌযান চলাচল সম্পূর্ণরূপে বন্ধ রাখতে হবে। এ সময় যাত্রীবাহী লঞ্চসমূহের মাস্টারগণকে নিকটস্থ বিআইডব্লিউটিএ'র নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ এবং বন্দর বিভাগের কর্মকর্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে অতি সাবধানতার সাথে লঞ্চ পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো।


(মুহাম্মদ আবু জাফর হাওলাদার)
পরিচালক

নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ
ফোন-০২-৯৫১৩১৭০, ফ্যাক্স-০২-৯৫১১৩০২
ই-মেইল-dir.mstd@gmail.com